



কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

কউক ভবন, নিউ সার্কিট হাউস রোড, কক্সবাজার-৪৭০০।

www.coxda.gov.bd

প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক) কর্তৃক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্যানেল প্রস্তুতের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক 'প্যানেল আইনজীবী' পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

## শর্তাবলীঃ

০১	প্যানেল আইনজীবী (উচ্চ আদালত): বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে মামলা পরিচালনায় একাদিক্রমে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীগণ আবেদন করতে পারবেন। বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে তালিকাভুক্ত বিজ্ঞ আইনজীবীদের অগ্রাধিকার দেওয়া হবে। পদ সংখ্যাঃ ২
	প্যানেল আইনজীবী (নিম্ন আদালত): দেওয়ানী ও ফৌজদারী আদালতে আইনজীবী হিসেবে মামলা পরিচালনায় একাদিক্রমে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীগণ আবেদন করতে পারবেন। আইনজীবী কে অবশ্যই কক্সবাজার আইনজীবী সমিতির সদস্যপদ থাকতে হবে। পদ সংখ্যাঃ ২
০২	প্যানেল আইনজীবী কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের স্বার্থ বিরোধী কোন মামলা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পরিচালনা করতে পারবেন না।
০৩	প্যানেল আইনজীবী মামলা পরিচালনা বাবদ কউকের নির্ধারিত সিডিউল (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) মোতাবেক বিল প্রাপ্য হবেন।
০৪	প্যানেল আইনজীবীর কর্মকাল তালিকাভুক্তির তারিখ হতে ০৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।
০৫	মামলা সংক্রান্ত বিষয়ে হালনাগাদ তথ্য প্রতি মাসে মামলার তারিখ ও সর্বশেষ অবস্থাসহ বিস্তারিত আইন কর্মকর্তা, কউক, কে অবহিত করতে হবে।
০৬	কোন মামলার রায় কউকের পক্ষে/বিপক্ষে হলে তাৎক্ষণিকভাবে পরবর্তী করণীয় বিষয়ে জরুরীভিত্তিতে আইন কর্মকর্তা, কউক, কে মতামতসহ পত্র দ্বারা অবহিত করতে হবে।
০৭	কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের মামলা পরিচালনায় কোন আইনজীবীর গাফিলতি পরিলক্ষিত হলে তাঁর তালিকাভুক্তি বাতিল করা হবে।
০৮	প্যানেল আইনজীবী পদে তালিকাভুক্ত হতে আগ্রহী আবেদনকারী কে নাম, পিতা/স্বামী ও মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ও বর্তমান ঠিকানা, চেম্বারের ঠিকানা, শিক্ষাগত যোগ্যতার বিস্তারিত বিবরণ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতার বিবরণ, বার কাউন্সিল/হাইকোর্ট/আপিল বিভাগ পারমিশন/তালিকাভুক্তি সনদের অনুলিপি, সুপ্রিম কোর্ট বার এসোসিয়েশনের মেম্বারশিপ সনদের অনুলিপি, অবসরপ্রাপ্ত জেলা জজদের ক্ষেত্রে অবসরপ্রাপ্তি সনদের অনুলিপি, জাতীয় পরিচয়পত্র ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নিজস্ব প্যাডে আবেদন করতে হবে।
০৯	প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে এবং কর্তৃপক্ষ প্রয়োজনে উল্লিখিত পদ সমূহের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে। আগামী ১২ মার্চ ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সদস্য (আইন ও বাস্তবায়ন) [অঃদাঃ], কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, বরাবর আবেদন প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। বিঃদ্রঃ ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই, সকল আবেদন প্যানেল আইনজীবী বাচাই কমিটিতে উত্থাপন করা হবে।

সদস্য (আইন ও বাস্তবায়ন) [অঃদাঃ]

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ ও

সভাপতি, প্যানেল আইনজীবী বাচাই কমিটি